



প্রকল্পের নাম: কিশোরী শক্তি যোজনা

- দপ্তর বা বিভাগের নাম: নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ দপ্তর
- প্রকল্পের উদ্দেশ্য: 'সবলা' প্রকল্পের অধীন ৭টি জেলার বাইরে যে জেলাগুলি আছে সেখানে ১১ থেকে ১৮ বছর বয়সি কিশোরী কন্যাদের পুষ্টি, স্বাস্থ্য এবং উন্নয়নগত অবস্থানের উন্নতির জন্য চালু আছে সবলার অনুরূপ এই প্রকল্প। সমাজের উৎপাদনশীল সদস্য হিসেবে তাদের গড়ে তুলতে সাহায্য করাই এই প্রকল্পের উদ্দেশ্য। ওইসব জেলার ১১ থেকে ১৮ বছর বয়সি কিশোরী কন্যারা এই সুযোগ পাবে। ব্লকস্তরে ও গ্রামস্তরে যোগাযোগ করতে হবে।

প্রকল্পের নাম: সবলা

- দপ্তর বা বিভাগের নাম: নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ দপ্তর
- প্রকল্পের উদ্দেশ্য: কিশোরীদের স্বাস্থ্য ও কর্মসংস্থানগত উন্নতি ঘটিয়ে তাদের ক্ষমতায়ন বৃদ্ধি করা হচ্ছে এই প্রকল্পের মাধ্যমে। পরিপূরক পুষ্টির ব্যবস্থা করা হচ্ছে স্বনির্ভর গোষ্ঠীর তৈরি খাবার অঙ্গনওয়ারি কেন্দ্রের মাধ্যমে কিশোরীদের সরবরাহ করে। এইভাবে অপুষ্টি দূর করার পাশাপাশি স্বাস্থ্য, পরিষ্কার-পরিচ্ছন্নতা, কৈশোর-জনিত প্রজনন ও যৌন স্বাস্থ্য, পরিবার ও শিশুর সুরক্ষা এবং যত্নের ব্যাপারে সচেতনতা তৈরি করা হচ্ছে কিশোরীদের মধ্যে। রাজ্যের ৭টি জেলায় 'কন্যাশ্রী' প্রকল্পের সঙ্গে সমন্বয় তৈরি করে এই প্রকল্প চলছে।

গৃহকর্মে ও জীবনের নানা ক্ষেত্রে তাদের দক্ষতা বৃদ্ধির পাশাপাশি বৃত্তিমুখী প্রশিক্ষণ এবং বিদ্যালয়-বহির্ভূত কিশোরীদের লেখাপড়ার ব্যবস্থা করার কাজ চলছে এই প্রকল্পে। তাঁদের 'কিশোরী কার্ড' নামে একটি কার্ড দেওয়া হচ্ছে যেখানে তাদের স্বাস্থ্য সংক্রান্ত সমস্ত তথ্য দেওয়া থাকবে।

- কারা আবেদন করতে পারবেন: ১১ থেকে ১৮ বছর বয়সি অবিবাহিতা কিশোরী কন্যারা। বর্তমানে কোচবিহার, জলপাইগুড়ি, নদিয়া, পুরুলিয়া, কলকাতা, মালদা এবং আলিপুরদুয়ার এই ৭টি জেলায় এই প্রকল্প চলছে।
- যোগাযোগ: গ্রামের অঙ্গনওয়ারি কেন্দ্রে এবং ব্লকের সিডিপিও-র সঙ্গে যোগাযোগ করতে হবে।

